

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৪

৯. কিতাবুস সালাত (الصلاه)

পরিচ্ছেদঃ ভৌতিকালীন সময়ে সপ্তম প্রকারের সালাত

ذِكْرُ النَّوْعِ السَّابِعِ مِنْ صَلَاتِ الْخَوْفِ

আরবী

2874 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزِيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو يَحِيَّى مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ - صَاعِقَةً - قَالَ: حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ وَمَالِكُ عَنْ يَحِيَّى بْنِ سَعِيدٍ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ صَالِحِ بْنِ خَوَّاتِ عَنْ سَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ: أَنَّهُ قَالَ فِي صَلَاتِ الْخَوْفِ: تَقُومُ طَائِفَةٌ وَرَاءَ الْإِمَامِ وَطَائِفَةٌ خَلْفَهُ فَيُصَلِّي بِالذِّينَ خَلْفَهُ رَكْعَةً وَسَجَدَتَيْنِ ثُمَّ يَقْعُدُ مَكَانَهُ حَتَّى يَقْضُوا رَكْعَةً وَسَجَدَتَيْنِ ثُمَّ يَتَحَوَّلُونَ إِلَى مَكَانٍ أَصْحَابِهِمْ ثُمَّ يَتَحَوَّلُ أَصْحَابُهُمْ إِلَى مَكَانٍ هُوَلَاءَ فَيُصَلِّي بِهِمْ رَكْعَةً وَسَجَدَتَيْنِ ثُمَّ يَقْعُدُ مَكَانَهُ حَتَّى يُصَلِّوا رَكْعَةً وَسَجَدَتَيْنِ ثُمَّ يَسْلِمُ.

الراوي : سَهْلُ بْنُ أَبِي حَثْمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2874 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

.(1128) : خ.

বাংলা

২৮৭৪. সাহল বিন আবু হাসমাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি ভৌতিকালীন সালাত সম্পর্কে বলেন, “একদল ইমামের পিছনে দাঁড়াবে, আরেক দল তার পিছনে দাঁড়াবে। অতঃপর তার পিছনের মুসল্লীদের নিয়ে একটি রূকু' ও দুটি সাজদা করবেন। তারপর তিনি নিজ স্থানে বসে থাকবেন, যাতে মুসল্লীরা আরেক রূকু' ও দুই সাজদা করে নিতে পারে। তারপর তারা তাদের অপর সঙ্গীদের জায়গায় যাবেন, তারা এদের জায়গায় আসবেন। অতঃপর ইমাম তাদের নিয়ে এক রূকু' ও দুটি সাজদা করবেন। তারপর তিনি নিজ স্থানে বসে থাকবেন, যাতে পিছনের মুসল্লীরা আরেক রূকু' ও দুটি সাজদা করে নিতে পারে। তারপর তিনি সালাম ফেরাবেন।”[1]

ফুটনেট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১৩৫৮; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৮৩-১৮৪; আবু দাউদ: ১২৩৯; সুনান বাইহাকী: ৩/২৫৪; তাহাবী: ১/৩১৩; মুসনাদ আহমাদ: ৩/৮৮৮; তাবারানী: ৫৬৩১; তিরমিয়ী: ৫৬৫; দারেমী: ১/৩৫৮; ইবনু মাজাহ: ১২৫৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬৬; সহীভুল বুখারী: ৪১৩১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১২৮)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরোক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাহল ইবনু আবু হাসমা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92204>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন